



Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.



<https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease>

সংবাদ বিজ্ঞপ্তি

‘বাংলাদেশ বিজনেস সামিট ২০২৩’ মার্চ ১১-১৩

ওয়াশিংটন ডিসি, ৩১ জানুয়ারি ২০২৩-

বাংলাদেশে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই আগামী ১১-১৩ মার্চ ‘বাংলাদেশ বিজনেস সামিট ২০২৩’ আয়োজন করতে যাচ্ছে। ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)’র ৫০ বছর পূর্তি উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে তিনদিন ব্যাপী এই ফ্ল্যাগশিপ বিজনেস ইভেন্ট। আন্তর্জাতিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যকে সামনে রেখে এই সামিটের আয়োজন করা হচ্ছে বলে জানিয়েছে এফবিসিসিআই।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১১ মার্চ এই সামিটের উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। সেখানে তিনি জনপ্রিয় আন্তর্জাতিক গণমাধ্যম ক্যাবল নিউজ নেটওয়ার্ক (CNN)-এর খ্যাতিমান news anchor and editor-at-large of CNN Business **Richard Austin Quest-**এর সাথে আলোচনায় অংশ নেবেন।

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)’র সহযোগিতায় আয়োজিত এই সামিটের মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে জনপ্রিয় আন্তর্জাতিক গণমাধ্যম সিএনএন। ইভেন্টের অনুষ্ঠান প্রচারের পাশাপাশি বাংলাদেশে বিনিয়োগ ও বাণিজ্য সম্ভাবনা বিষয়ে অনুষ্ঠানও প্রচার করবে সিএনএন।

বাংলাদেশের অর্থনীতি, বাণিজ্য এবং বিনিয়োগ সম্ভাবনাকে বৈশ্বিক ব্যবসায়ী, উদ্যোক্তা, বিনিয়োগকারী, উদ্ভাবক, নীতিনির্ধারক, বাজার বিশ্লেষক এবং আন্তর্জাতিক সংস্থা ও প্রতিষ্ঠানগুলোর কাছে তুলে ধরতে এই আয়োজন অগ্রণী ভূমিকা রাখবে বলে প্রত্যাশা এফবিসিসিআই’র।

বাংলাদেশে উৎপাদিত সেরা পণ্যগুলোকে এই ইভেন্টে উপস্থাপন করা হবে। পাশাপাশি ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদানের জন্য সম্মাননা প্রদান করা হবে উদ্যোক্তাদের। দেশে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা, বাধা এবং করণীয় নির্ধারণে ব্যবসায়ী, বিনিয়োগকারী, বিশ্লেষক এবং নীতিনির্ধারকদের নিয়ে অনুষ্ঠিত হবে ৩টি প্লেনারি সেশন, ১৩ টেকনিক্যাল সেশন, উন্মুক্ত আলোচনাসহ বিজনেস-টু-বিজনেস এবং নেটওয়ার্কিং সেশন প্রভৃতি।

এফবিসিসিআই’র সভাপতি মোঃ জসিম উদ্দিন বলেন, উন্নত ব্যবসা পরিবেশ ও প্রযুক্তির সহায়তায় সৃজনশীল অর্থনীতি তৈরিতে কাজ করছে বেসরকারি খাত। তিনদিন ব্যাপী বাংলাদেশ বিজনেস সামিটে বিদেশী ব্যবসায়ীদের কাছে বাংলাদেশের ইতিবাচক অবস্থান, বাংলাদেশের অর্থনৈতিক সামর্থ্য, বিনিয়োগ প্রতিযোগিতাসহ অংশীদারিত্বের বিশেষ সুযোগ সুবিধা তুলে ধরা হবে। এছাড়া অর্থনীতিতে অবদান রাখা বিশিষ্ট ব্যবসায়ীদের এফবিসিসিআই বিজনেস পুরস্কার প্রদান করা হবে বলে তিনি জানান।

এফবিসিসিআই সূত্রে জানা যায় দেশী-বিদেশী ব্যবসায়ী নেতৃবৃন্দ, বিনিয়োগকারী এবং খ্যাতিনামা কোম্পানীর সিইও এবং উর্ধ্বতন কর্মকর্তাদের এই সামিটে যোগদানের জন্য আমন্ত্রণ এবং অনুরোধ জানানো হয়েছে। এই অনুষ্ঠানে বাংলাদেশে বিনিয়োগের উচ্চ সম্ভাবনা বৈশ্বিক ব্যবসায়ী নেতৃবৃন্দ এবং বিনিয়োগকারীদের সামনে তুলে ধরা হবে।

এই বিজনেস সামিট সম্পর্কে বিস্তারিত তুলে ধরতে গত ১৯ জানুয়ারি রাজধানীর একটি হোটেলে এক অনুষ্ঠানের আয়োজন করে এফবিসিসিআই।

এফবিসিসিআই সভাপতি মোঃ জসিম উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আবদুল মোমেন এমপি এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এমপি।

প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন বলেন, বাংলাদেশ বিজনেস সামিট আয়োজন এফবিসিসিআই’র একটি সমন্বয়যোগ্য পদক্ষেপ। মেগা এ ইভেন্ট আয়োজনের জন্য এফবিসিসিআইকে ধন্যবাদ জানান মন্ত্রী।

বিশেষ অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশী বাংলাদেশকে এশিয়ার বিজনেস হাব হিসেবে প্রতিষ্ঠা করতে এফবিসিসিআই’র এই সমন্বয়যোগ্য উদ্যোগকে স্বাগত জানান।

মন্ত্রিপরিষদের সদস্যবর্গ, বাংলাদেশে নিয়োজিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, এফবিসিসিআই’র সাবেক ও বর্তমান কর্মকর্তা এবং বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এজেডএম সাজ্জাদ হোসেন

মিনিস্টার প্রেস

বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি

11-13th

March 2023

Bangabandhu International
Conference Center



YEARS OF
FBCCI
INTO SMART
BANGLADESH

